সমকাল

21 APR 2016

# উদয়নের ছাত্র নাদিমকে ক্লাস করতে বাধা নয়

—হাইকোর্ট

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর উদয়ন উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর শিক্ষার্থী জামিউল ইসলাম নাদিমকে শারীরিক নির্যাতনের ঘটনা তদন্তের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পাশাপাশি নাদিম যাতে কোনো ধরনের বাধা ছাড়াই স্বাভাবিক শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারে তার ব্যবস্থা গ্রহণ করতেও নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া নির্যাতনের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে এবং নির্যাতিত শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চালানোর জন্য কী পদক্ষেপ নেওয়া হয়েছে, তাও প্রতিবেদন আকারে জানাতে বলা হয়েছে। আদেশ পাওয়ার ৩০ দিনের মধ্যে ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

মাদ্রাসা শিক্ষকের বিরুদ্ধে
'ব্যবস্থা নয় কেন' ● পৃষ্ঠা-৪

## উদয়নের ছাত্র

[প্রথম পৃষ্ঠার পর]

নির্যাতনের ঘটনা তদন্ত করে উদয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষকে এই প্রতিবেদন দিতে হবে।

বিচারপতি সালমা মাসুদ চৌধুরী ও বিচারপতি মো. সেলিম সমন্বয়ে গঠিত হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চ গতকাল বুধবার স্বতঃপ্রণোদিত হয়ে রুলসহ এ আদেশ দেন। রুলে ঘটনা তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ কেন দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের মহাপরিচালক, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, ঢাকা জেলা প্রশাসক, উদয়ন স্কুলের অধ্যক্ষ ও পরিচালনা কমিটির সভাপতিকে এই রুলের জবাব দিতে বলা হয়েছে।

গত মঙ্গলবার একটি জাতীয় দৈনিকে 'উদয়ন উচ্চ বিদ্যালয়ে ছাত্র মারধরের ঘটনা' শিরোনামে প্রতিবেদন ছাপা হয়। প্রতিবেদনে বলা হয়, ১৩ এপ্রিল অষ্টম শ্রেণীর কাকাতুয়া শাখার শিক্ষার্থীরা স্কুলের চতুর্থ তলায় জাকির হোসেন নামের এক শিক্ষকের কাছে অঙ্ক ক্লাস করছিল। এ সময় জাওশেদ আলম নামে অন্য এক শিক্ষক ওই শিক্ষার্থীকে ক্লাসের বাইরে ডেকে এনে বেদম মারধর করেন। গতকাল ওই প্রতিবেদনটি আদালতের নজরে আনেন ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল ও ব্যারিস্টার আবু খালেদ আল মামুন। রাষ্ট্রপক্ষে আদালতে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল এএসএম নাজমুল হক।